# একদিনে ৪ মৃত্যু, হাসপাতালে ৮৪৫ ডেঙ্গু রোগী ভর্তি




সংগৃহীত ছবি

দেশে ডেঙ্গুর প্রভাব বেড়ে চলেছে। গত ২৪ ঘণ্টায় ৪ জনের মৃত্যু হয়েছে এবং ৮৪৫ জন নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরে মোট মৃত্যু ১৯২ জন এবং হাসপাতালে ভর্তি ৪৬,০৫১ জন।

স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম জানিয়েছে, শনিবার সকাল ৮টা থেকে রবিবার (২৮ সেপ্টেম্বর) সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গুতে ৪ জনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে ঢাকা দক্ষিণে ২ জন ও ঢাকা উত্তরে ২ জন।

একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে ৮৪৫ জন নতুন রোগী ভর্তি হয়েছেন। বিভাগের ভিত্তিতে ভর্তি সংখ্যা: ঢাকা মহানগর ২০৯, বরিশাল ১৬৬, ঢাকা ১৬৪, চট্টগ্রাম ৯১, খুলনা ১০১, রাজশাহী ৫৪ ও ময়মনসিংহ ৩৭।

এর আগে, গত রোববার একদিনে ১২ জনের মৃত্যু হয়েছিল। চলতি বছরে ডেঙ্গুতে মোট মৃত্যু ১৯২ জনে এবং এখন পর্যন্ত ৪৬,০৫১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

LENS ASIA